



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
Website : www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২০.৩৫৯

তারিখ : ০২-০৯-২০২০ খ্রিঃ

## ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিসেম্বর, ২০১৯-জানুয়ারি, ২০২০ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি ও সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের শিক্ষাক্রমের পরীক্ষার ফলাফল গত ২২-০৩-২০২০ তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) প্রকাশ করা হয়েছে। করোনা মহামারী পরিস্থিতির জন্য সরকার কর্তৃক সাধারণ ছুটি/ লকডাউন এর কারণে উক্ত ফলাফলের উত্তরপত্র পুনঃনিরীক্ষণ কার্যক্রম বন্ধ ছিল। যে সকল পরীক্ষার্থী উক্ত ফলাফলে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক তাদেরকে আগামী ০৬-০৯-২০২০ খ্রিঃ হতে ১৭-০৯-২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। ২২-০৯-২০২০ খ্রিঃ হতে ২৪-০৯-২০২০ খ্রিঃ পর্যন্ত পুনঃনিরীক্ষণ আবেদনকৃত ছাত্র/ ছাত্রীদের তথ্য অনলাইন থেকে প্রিন্ট করতে হবে। অনলাইনে এন্ট্রি ব্যতীত পুনঃনিরীক্ষণের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। পুনঃনিরীক্ষণ ফি বাবদ (বিষয় প্রতি ৩০০ টাকা হারে) আদায়কৃত অর্থ প্রতিষ্ঠান কর্তৃক সোনালী সেবার মাধ্যমে ২৪-০৯-২০২০ খ্রিঃ হতে ২৯-০৯-২০২০ খ্রিঃ পর্যন্ত পরিশোধ করতে হবে। সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষণ ফি পরিশোধ করার প্রক্রিয়া সংযুক্ত ছকে দেওয়া হলো।

অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রির প্রক্রিয়া :

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd) এর হোম পেইজে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/ স্থগিত ফলাফল → প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।

প্রতিষ্ঠানের জন্য করণীয় :

- (১) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের আবেদন ভার্চুয়াল মাধ্যমে গ্রহণ করবে।
- (২) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের পুনঃনিরীক্ষণ ফি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে গ্রহণ করবে।
- (৩) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের তথ্য সংযুক্ত ছক অনুসরণ পূর্বক অনলাইনে বোর্ডের ওয়েবসাইটে ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) এন্ট্রি করতে হবে।
- (৪) প্রতিষ্ঠান সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষণ ফি বোর্ডে প্রেরণ করবে।
- (৫) প্রতিষ্ঠান প্রয়োজনীয় হার্ডকপি/ ফলাফল সংশোধনের আবেদন ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বোর্ডে প্রেরণ করবেন। এই সংক্রান্ত বিষয়ে প্রতিষ্ঠান প্রতিনিধিকে বোর্ডে আসার প্রয়োজন নেই।
- (৬) পুনঃনিরীক্ষণের জন্য কোন পরীক্ষার্থী সরাসরি বোর্ডে উপস্থিত হতে পারবেনা।

এছাড়া প্রকাশিত ফলাফলে TC, PC, PF এবং G.P.A সংক্রান্ত সংশোধনের জন্য উপযুক্ত প্রমাণকসহ ( যেমন হাজিরা শিট, নম্বরপত্র ইত্যাদি) প্রতিষ্ঠান/ কেন্দ্রের মাধ্যমে (যেখানে যা প্রযোজ্য) আবেদন করতে হবে। সেক্ষেত্রে প্রতিষ্ঠান জরিমানা প্রযোজ্য হবে।


স্বাক্ষরিত/-  
(ড. সুশীল কুমার পাল)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ফোন : ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২০.৩৫৯(১২)

তারিখ : ০২-০৯-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।  
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ/পরিচালক ..... (সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউট/ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/সার্ভে ইন্সটিটিউট)।
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক -গোপনীয়/সনদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাকাশিবো (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশসহ অনলাইনে আবেদন সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৮. ওরাকল প্রফেশনাল (সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রম পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

  
(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)  
ফোন : ০২-৫৫০০৬৫৩১